



## মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, যশোর

[www.jessoreboard.gov.bd](http://www.jessoreboard.gov.bd)

### জরুরি বিজ্ঞপ্তি

শিক্ষা মন্ত্রণালয়ের মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগের ২০১৮-২০১৯ শিক্ষাবর্ষে একাদশ শ্রেণিতে ভর্তির নীতিমালা-২০১৮ এর দফা ৫.২ অনুসারে “বোর্ডের পূর্বানুমতি ব্যতীত নির্ধারিত আসনের অতিরিক্ত শিক্ষার্থী ভর্তি করা যাবে না”। দফা ৮.১ অনুসারে “পাঠদানের প্রাথমিক অনুমতিবিহীন কোন কলেজ/সমমানের প্রতিষ্ঠানে কোন অবস্থাতেই ছাত্র-ছাত্রী ভর্তি করা যাবে না”। দফা ৮.২ অনুসারে “পাঠদানের প্রাথমিক অনুমতিপ্রাপ্ত অথবা স্বীকৃতিপ্রাপ্ত কোন কলেজ/সমমানের প্রতিষ্ঠানে অননুমোদিত শাখা এবং অননুমোদিত কোন বিষয়ে ছাত্র-ছাত্রী ভর্তি করা যাবে না”।

শিক্ষার্থী ভর্তির ক্ষেত্রে এ নীতিমালার কোন ব্যত্যয় ঘটানো হলে দফা ৯.২ অনুসারে বেসরকারি কলেজ/সমমানের প্রতিষ্ঠানের ক্ষেত্রে পাঠদানের অনুমতি বা স্বীকৃতি বাতিলসহ কলেজটির এম.পি.ও.ভুক্তি বাতিল করা হবে এবং সরকারি কলেজ/সমমানের প্রতিষ্ঠানের ক্ষেত্রে সংশ্লিষ্টদের বিরুদ্ধে বিধি অনুযায়ী ব্যবস্থা নেয়া হবে।

(কে এম রব্বানী)

কলেজ পরিদর্শক

মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড  
যশোর।

ফোন : ০৪২১-৬৮৬৩৮

অধ্যক্ষ/ভারপ্রাপ্ত অধ্যক্ষ

এ বোর্ডের আওতাধীন সকল কলেজ ও উচ্চ মাধ্যমিক বিদ্যালয়।